

অরিখ ... ২০।।০।৪।৩  
পৃষ্ঠা... ।... কলাম... ৫

007

## সরকার শিক্ষার গুণগত মান উন্নয়নে আগ্রহী

— এরশাদ  
বাসসভানায়, প্রধান সাম-  
রিক আইন প্রশাসক (নে: জেনা-  
রেল এইচ), এম, এরশাদ, গতকাল  
(বৃথাবার) ‘শিক্ষা, প্রশাসন ও  
বাবস্থাপুনায় কল্পিউটার পদ্ধতি’  
উদ্বেধন করেন। তিনি শিক্ষাখাতে  
যথার্থ ব্যবস্থাপনা ও পরিকল্পনা  
প্রণয়নে সঠিক তথ্য ও উপাদের  
প্রয়োজনীয়তার উপর গুরুত্ব  
আরোপ করেন।

সিএমএলএ বলেন, শিক্ষার  
স্বযোগ-স্ববিধা সম্প্রসারণের মাধ্যমে  
সরকার শিক্ষাব্যবস্থার গুণগত  
মান উন্নয়ন করিতে আগ্রহী।  
(‘আমরা শিক্ষাকে কর্মসূচী ও  
প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।’ ৮ম পঃ ৩-এর কঃ দঃ)

## শিক্ষার গুণগত মান

(১ম পঃ পর)  
বাস্তবধর্মী করার একান্তিক চেষ্টা  
চালাইতেছি। তিনি বলেন,  
সরকার এ ব্যাপারে ইতিবধে  
বেশকিছু সংস্কারপূর্ণক ব্যবস্থা  
বাস্তবায়নে সচেষ্ট রাইয়াছেন।

জেনারেল এরশাদ আশা  
প্রকাশ করেন যে, দেশে সুষ্ঠু ও  
সফল শিক্ষা ব্যবস্থা গড়িয়া  
তোলার জন্য যথাযথভাবে পরি-  
কল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নের  
ক্ষেত্রে কল্পিউটারের ব্যবহার  
সময় ও সম্পদ বাঁচাইবে।

সিএমএলএ বলেন, দেশে  
এককোটি ২৫ লক্ষ পুলগমন  
বয়েসী শিশু রাইয়াছে, কিন্তু  
তাহাদের মধ্যে প্রায় ৩৯ লক্ষ  
শিশু আদৌ স্কুলে যায় না।  
যাহারা স্কুলে যায় তাহাদের  
শতকরা ৮০ ভাগ আবার প্রাথমিক  
পর্যায়ের শিক্ষা সমাপনের পূর্বেই  
লেখাপড়া ছাড়িয়া দেয়। জেনা-  
রেল এরশাদ এই পরিস্থিতিকে  
উদ্বেগজনক বলিয়া বলনা করেন  
এবং এই প্রবণতা বছের জন্য  
অবিলম্বে বাস্তব কার্যকরী পদ-  
ক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার  
উপর গুরুত্ব আরোপ করেন।

শিক্ষাখাতের সকল তথ্য ও  
উপাস্ত বিষয়াস ছাড়াও শিক্ষা  
সংক্রান্ত তথ্য ও উপাস্ত ব্যাবোতে  
স্থাপিত নয়। কল্পিউটার ব্যবস্থা  
সাড়ে ১২২ হাজার তানুমোদিত  
বেসরকারী মাধ্যমিক স্কুল, কলেজ  
ও মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের  
মাসিক অনুদানের পে-অর্ডার ও  
পে-লিপ তৈরী করিবে জানিতে  
পারিয়া। সিএমএলএ সন্তোষ  
প্রকাশ করেন।

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ  
খানও অনুষ্ঠানে বঙ্গী করেন।  
এ উপলক্ষে মন্ত্রীবর্গ এবং  
মিনিয়র সামরিক ও বেসামরিক  
কর্মকর্তা বৃন্দও সেখানে উপস্থিত  
ছিলেন।